

চুয়েটের সব পরীক্ষা স্থগিত

চট্টগ্রাম ব্যুরো

২৫ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ২৪ ফেব্রুয়ারি ২০২১ ২২:৪৬



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ২০২০-২১ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক শ্রেণিতে ভর্তি পরীক্ষার আবেদন আগামী ৫ এপ্রিল থেকে শুরু হবে। চলবে ৩০ এপ্রিল রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত। গতকাল বুধবার চবির একাডেমি শাখার ডেপুটি রেজিস্ট্রার এসএম আকবর হোছাইন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

চবি প্রক্টর ড. রবিউল হাসান ভূঁইয়া বলেন, ২২ জুন থেকে ৮ জুলাইয়ের মধ্যে পরীক্ষাগুলো নেওয়া হবে। তবে এবার বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় আবেদনের জিপিএ বাড়ছে (সর্বোচ্চ ০.৫)। ১২০ নম্বরের পরীক্ষা হবে (১০০ গণিত+২০ এচঅ) (অন্যান্যবারের মতো)। আর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেই হবে সব পরীক্ষা। স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে কয়েক

ধাপে পরীক্ষা হতে পারে।

অন্যদিকে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) সব পরীক্ষা আগামী ২৪ মে পর্যন্ত স্থগিত করা হয়েছে। শিক্ষামন্ত্রী দীপু মনির ঘোষণার দুদিন দিন পর এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর ড. ফারুক উজ্জ্বল জামান চৌধুরী এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ ঘোষণা দেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত ২২ তারিখের সরকারি সিদ্ধান্তের ভিত্তিতে আগামী ২৪ মে পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সব পরীক্ষা বন্ধ থাকবে।

উল্লেখ্য, গত ২২ তারিখ হল না খোলার শর্তে চুয়েটে ১৫-১৬ শিক্ষাবর্ষের চূড়ান্ত পরীক্ষা ঘোষণা করা হয়েছিল। দেশজুড়ে শিক্ষার্থীদের হলে ঢোকান দাবির মুখে সরকার পরীক্ষা পুনরায় স্থগিত ঘোষণা করে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন দায়ের ডেইলি

আমাদের সময়

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy